

সময় বাড়ল এইচএসসির ফরম পূরণের

অনলাইন ডেস্ক

২১ এপ্রিল, ২০২৪
১২:২৯

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

চলতি বছরের এইচএসসি পরীক্ষার ফরম পূরণ চলছে। গত ১৬ এপ্রিল থেকে শুরু হওয়া এ প্রক্রিয়া শেষ হওয়ার কথা ২৫ এপ্রিল। এর মধ্যেই ফরম পূরণের সময়সীমা বাড়িয়েছে শিক্ষা বোর্ডগুলো। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৫ মে পর্যন্ত বিলম্ব ফি ছাড়াই পরীক্ষার্থীরা ফরম পূরণ করতে পারবেন।

রবিবার (২১ এপ্রিল) সকালে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মো. আবুল বাশারের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের চলমান কার্যক্রমের সময় আগামী ৫ মে পর্যন্ত (বিলম্ব ফি ছাড়া) বাড়ানো হলো। সোনালী সেবার মাধ্যমে ফি পরিশোধ করা যাবে ৬ মে পর্যন্ত।

এদিকে বিলম্ব ফিসহ ফরম পূরণ চলবে ৭ থেকে ১২ মে পর্যন্ত।

আর বিলম্ব ফিসহ ফরম পূরণের পর শিক্ষার্থীরা ফি পরিশোধ করতে পারবেন ১৩ মে পর্যন্ত। ঘোষিত এ সময়ের মধ্যে সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ শেষ করতে বলা হয়েছে এবং বিষয়টি প্রতিষ্ঠান প্রধানকে দায়িত্ব নিয়ে নিশ্চিত করতে নির্দেশনা দিয়েছে শিক্ষা বোর্ড।

কোন বিভাগে কত ফি

এইচএসসি পরীক্ষার ফি বাবদ পরীক্ষার্থীদের কাছ থেকে পত্রপ্রতি ১১০ টাকা, ব্যবহারিকের ফি পত্রপ্রতি ২৫ টাকা, একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফি পরীক্ষার্থীপ্রতি ৫০ টাকা, মূল সনদ বাবদ ১০০ টাকা, বয়েজ স্কাউট ও গার্লস গাইড ফি বাবদ ১৫ টাকা এবং জাতীয় শিক্ষা সপ্তাহ ফি পরীক্ষার্থীপ্রতি ৫ টাকা নেওয়া হচ্ছে।

এ ছাড়া অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার্থীপ্রতি ১০০ টাকা অনিয়মিত ফি নির্ধারণ করা হয়েছে।

জিপিএ উন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ১০০ টাকা তালিকাভুক্তি ফি নির্ধারণ করা হয়েছে। রেজিস্ট্রেশন নবায়ন ফি নির্ধারণ করা হয়েছে ২৫০ টাকা। বিলম্ব ফি নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা।

কেন্দ্র ফি বাবদ প্রত্যেক পরীক্ষার্থীকে ৪৫০ টাকা ও ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ পরীক্ষার্থীদের পত্রপ্রতি ২৫ টাকা দিতে হবে। আর ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি নির্ধারণ করা হয়েছে ২০ টাকা।

শিক্ষা বোর্ড বলছে, বিজ্ঞান শাখার জন্য দুই হাজার ৬৮০ টাকা, মানবিক এবং ব্যবসায় শিক্ষা শাখার জন্য দুই হাজার ১২০ টাকা করে ফি নির্ধারণ করা হয়েছে। তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার কোনো পরীক্ষার্থীর চতুর্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে এ ফির সঙ্গে অতিরিক্ত ১৪০ টাকা যুক্ত হবে। এ ছাড়া মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার কোনো শিক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক থাকলে বিষয়প্রতি আরো ১৪০ টাকা যোগ হবে।

এদিকে আগামী ৩০ জুন এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে। গত ২ এপ্রিল আন্তঃশিক্ষা বোর্ড এ পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে। সূচি অনুযায়ী, প্রথম দিন অনুষ্ঠিত হবে বাংলা প্রথম পত্রের পরীক্ষা। লিখিত পরীক্ষা শেষ হবে আগামী ১১ আগস্ট। এ ছাড়া ব্যবহারিক পরীক্ষা ১২-২১ আগস্টের মধ্যে শেষ করতে হবে।

বোর্ডগুলোর পূর্বঘোষণা অনুযায়ী, চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষাও পুনর্বিদ্যাসকৃত (সংক্ষিপ্ত)

পাঠ্যসূচিতে (সিলেবাস) অনুষ্ঠিত হবে।